

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাণিজ্য মন্ত্রণালয়  
অবা-৬ শাখা

নং-এমসি/অবা-৬/এ-১৪/৯৯/২৫০

তারিখ : ২৪-০৬-২০০২

প্রতি : সভাপতি  
ইন্টারনেট সার্ভিস প্রোভাইডারস  
এসোসিয়েশন অব বাংলাদেশ  
৫২, নিউ ইন্সটন রোড, টিএমসি ভবন, ঢাকা।

বিষয় : বাণিজ্য সংগঠন অধ্যাদেশ-১৯৬১ এর (৩)(২)(ডি) ধারার অধীনে “ইন্টারনেট সার্ভিস প্রোভাইডারস  
এসোসিয়েশন অব বাংলাদেশ” (প্রস্তাবিত) এর নামে টি.ও লাইসেন্স প্রদান প্রসংগে।

প্রিয় মহোদয়,

আদিষ্ট হইয়া উপরোল্লিখিত বিষয়ে আপনার ১৭-০৫-৯৯ তারিখের নীল নম্বর পত্রের সূত্রে জ্ঞাত করা যাইতেছে যে, বাণিজ্য সংগঠন অধ্যাদেশ-১৯৬১ এর ৩ (২)(ডি) ধারার বিধান বলে সরকার “ইন্টারনেট সার্ভিস প্রোভাইডারস এসোসিয়েশন অব বাংলাদেশ” (প্রস্তাবিত)-এর নামে লাইসেন্স মঞ্জুর করিয়াছে। এক্ষণে এই সমিতিকে কোম্পানী আইন, ১৯৯৪ এর ২৮ ধারার অধীনে একটি কোম্পানী হিসাবে যৌথ মূলধন কোম্পানী ও ফার্মসমূহের পরিদপ্তরে প্রয়োজনীয় নিবন্ধিকরণের জন্য পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে।

০২। লাইসেন্সে উল্লিখিত শর্তাবলী ব্যতিরেকে ও নিম্নলিখিত শর্ত সাপেক্ষে এই লাইসেন্স মঞ্জুর করা হইল :

- (ক) সংঘস্মারক ও সংঘবিধি যৌথ মূলধন কোম্পানী ও ফার্মসমূহের পরিদপ্তর কর্তৃক পরীক্ষা-নিরীক্ষার পর মন্ত্রণালয়ে আরও পরীক্ষা করে পরিবর্তিত আকারে সরকার অনুমোদন করিয়াছে। ইহা ছাড়া প্রয়োজনে উহাতে কর্তৃপক্ষ কর্তৃক যে কোন সংশোধন/পরিবর্তন করা যাইতে পারে।
- (খ) লাইসেন্স প্রাপ্তির ৬০(ষাট) দিনের মধ্যে সমিতিকে উপরের নির্দেশমতে নিবন্ধিকরণসহ ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ (এফবিসিসিআই) এর সদস্যভুক্তির জন্য দরখাস্ত করিতে হইবে।
- (গ) নিবন্ধিকরণের পর এক মাসের কম নয় বা তিন মাসের অধিক নয় এই সময়ের মধ্যে সমিতির প্রথম সাধারণ সভা অনুষ্ঠান করিতে হইবে এবং ৬ (ছয়) মাসের মধ্যে নির্বাচনের মাধ্যমে পূর্ণাঙ্গ নির্বাহী কমিটি গঠন করিতে হইবে।
- (ঘ) যৌথ মূলধন কোম্পানী ও ফার্মসমূহের নিবন্ধকের পরিদপ্তরে নিবন্ধিকরণের পূর্বে সমিতিকে কোম্পানী আইন ১৯৯৪, বাণিজ্য সংগঠন অধ্যাদেশ ১৯৬১ এবং তাহাদের আওতাধীন প্রয়োজনীয় শর্তাবলী পূরণ করিতে হইবে।
- (ক) উল্লিখিত শর্তাবলীর যে কোন একটি পূরণ করা না হইলে বিনা নোটিশে লাইসেন্সটি বাতিল করা হইবে।

০৩। যৌথ মূলধন কোম্পানী ও ফার্মসমূহের নিবন্ধকের পরিদপ্তরে নিবন্ধিত হওয়ার পর সংঘস্মারক ও সংঘবিধির এক কপি (উক্ত অফিস কর্তৃক সত্যায়িত) এবং তদসহ নিবন্ধিকরণ প্রত্যয়নপত্রের দুইটি ফটোকপি অত্র মন্ত্রণালয়ের দাখিল করিবার জন্য এতদ্বারা নির্দেশ দেওয়া হইল।

০৪। উপরে বর্ণিত লাইসেন্স এতদসহ সংযোজিত করিয়া উহার প্রাপ্তি স্বীকার করিবার জন্য অনুরোধ করা হইল।

আপনার বিশ্বস্ত,

(মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া)

উপ-সচিব

ও

পরিচালক, বাণিজ্য সংগঠন।

নং-এমসি/অবা-৬/এ-১৪/৯৯/

তারিখ : ২৪-০৬-২০০২

অনুলিপি :

- ১। নিবন্ধক, যৌথ মূলধন কোম্পানী ও ফার্মসমূহের পরিদপ্তর, ২৪-২৫ দিলকুশা বা/এ, ঢাকা-লাইসেন্সের একটি কপি উপরে বর্ণিত সংঘস্মারক ও সংঘবিধির কপিসহ তাহার অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য প্রেরিত হলো।
- ২। সভাপতি, ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ, ৬০, মতিঝিল বা/এ, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, ঢাকা।

(এ হালিম উকিল)  
সিনিয়র সহকারী সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাণিজ্য মন্ত্রণালয়  
অবা-৬ শাখা

লাইসেন্স নং-১২/২০০২

তারিখ : ২৪-০৬-২০০২ ইং

১৯৬১ সনের বাণিজ্য সংগঠন অধ্যাদেশের ৩(২)(ডি) নং ধারার ক্ষমতাবলে প্রদত্ত।

যেহেতু, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের নিকট সন্তোষজনকভাবে প্রমাণিত হইয়াছে যে,


“ ইন্টারনেট সার্ভিস প্রোভাইডারস এসোসিয়েশন অব বাংলাদেশ ” নামে একটি সমিতি ব্যবসা, বাণিজ্য অথবা উহাতে নিয়োজিত কোন দল, গোষ্ঠি বা শ্রেণীকে যে কোন উপায়ে এবং যে কোন পর্যায়ে প্রতিনিধিত্ব করিবার উদ্দেশ্যে গঠিত হইতে যাইতেছে, এবং

যেহেতু উক্ত সমিতির অর্জিত লাভ এবং অন্যান্য আয় কেবলমাত্র সমিতির উদ্দেশ্যাবলীর উন্নতি সাধনকল্পে ব্যয়িত হইবে এবং উহার সদস্যগণের মধ্যে উক্ত লাভ লভ্যাংশ হিসাবে বন্টন করা হইবে না বলিয়া উক্ত সমিতি মনস্থ করিয়াছে।

সেইহেতু ১৯৬১ সনের বাণিজ্য সংগঠনের অধ্যাদেশের ৩(২)(ডি) নং ধারা অনুসারে (১৯৬১ সনের অধ্যাদেশ নং ৪৫) সরকার সম্মত হইয়া উক্ত সমিতিকে এই লাইসেন্স প্রদান করিলেন এবং ১৯৯৪ সনের কোম্পানী আইনের (১৯৯৪ সনের ১৮ নং আইন) আওতায় সীমিত দায় সহকারে উহার নামের সাথে “লিমিটেড” শব্দটি ব্যবহার না করিয়া যৌথ মূলধন কোম্পানী ও ফার্মসমূহের নিবন্ধকের পরিদপ্তরে একটি কোম্পানী হিসাবে নিবন্ধিকরণ করিয়া লওয়ার জন্য নির্দেশ প্রদান করিলেন। নিম্নলিখিত শর্তাবলী সাপেক্ষে এই লাইসেন্স ইস্যু করা করা হইল :

- (খ) এই সমিতি ১৯৬১ সনের বাণিজ্য সংগঠন অধ্যাদেশের বিধি-বিধান সমূহ (যাহা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক অভিযোজিত হইয়াছে) পালন করিবে,
- (গ) সংঘ স্মারক ও সংঘ বিধির সব বিধি বিধান মানিয়া চলিবে (অনুমোদিত খসড়া সংঘস্মারক ও সংঘ বিধির একটি কপি এতদসংগে সংযুক্ত করা হইল), এবং
- (ঘ) যে সকল শর্ত এবং বিধি-বিধান গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সময় সময় উপযুক্ত মনে করিয়া আরোপ করিবেন বা নির্ধারণ করিয়া দিবেন তাহা উক্ত সমিতির জন্য অবশ্য পালনীয় হইবে। এই ব্যাপারে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কোন নির্দেশ প্রদান করিলে সমিতিকে উহা সংঘ স্মারক ও সংঘ বিধির অথবা উহার যে কোন একটিতে তাহা অন্তর্ভুক্ত করিতে হইবে।

ইহা অদ্য দুই হাজার দুই সালের জুন মাসের ২৪ তারিখে আমার নিজ স্বাক্ষরে প্রদত্ত হইল।

  
(মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া)  
উপ-সচিব  
ও  
পরিচালক, বাণিজ্য সংগঠন